গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১
www.tmed.gov.bd

## Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) শীর্ষক প্রকল্পের Recognition of Prior Learning (RPL) সনদায়ন কার্যক্রমের অগ্রগতির পর্যালোচনা সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মোঃ সিরাজুল ইসলাম,<br>অতিরিক্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। |
| তারিখ | : | ২৫.০৩.২০২৪ খ্রি. |
| সময় | : | বেলা ৩:০০ ঘটিকা |
| সভার স্থান | : | সভাকক্ষ, ASSET প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর |

উপস্থিতি: পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ASSET প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব আবু মমতাজ সাদ উদ্দিন আহমেদ প্রকল্পের উপ-প্রকল্প পরিচালককে চলমান RPL সনদায়ন কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। উপ-প্রকল্প পরিচালক বলেন, RPL সনদায়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য ২২৯টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে মার্চ ২০২৪ হতে সনদায়ন কার্যক্রম চলমান রয়েছে। প্রতিটি প্রতিষ্ঠানে প্রতি ব্যাচে ১৭৫,৫০০/- টাকা হারে ব্যয় হবে। এ অর্থবছরে RADP তে ৪৫ কোটি টাকা বরাদ্দ আছে। সভায় প্রকল্পের RPL সনদায়ন কার্যক্রম অনুযায়ী বাজেট বরাদ্দ ও বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

০২. অতঃপর সভায় আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১) RPL সনদায়ন কার্যক্রম এবং Assessment পরিচালনা | ১) ২২৯টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে RPL সনদায়ন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও মনিটরিং করার জন্য গ্রুপভিত্তিক অঞ্চলসমূহে Assessment সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ্রুপভিত্তিক Assessment নিম্নরূপ সময়সূচী অনুযায়ী পরিচালিত হবে : (নিচের সারণি দ্রষ্টব্য) | প্রকল্পের PMU দপ্তর, BTEB এবং NSDA যৌথভাবে মাসভিত্তিক Assessment পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। |

| ক্রম | অঞ্চল/বিভাগ | ASSESSMENT তারিখ |
|---|---|---|
| গ্রুপ-১ | ১। ঢাকা বিভাগ<br>২। ময়মনসিংহ বিভাগ | মাসের প্রথম শনিবার |
| | ১। চট্টগ্রাম বিভাগ<br>২। সিলেট বিভাগ | |
| গ্রুপ-২ | ১। রাজশাহী বিভাগ<br>২। রংপুর বিভাগ | মাসের দ্বিতীয় শনিবার |
| | ১। খুলনা বিভাগ<br>২। বরিশাল বিভাগ | |
| গ্রুপ-১ | ১। ঢাকা বিভাগ<br>২। ময়মনসিংহ বিভাগ | মাসের তৃতীয় শনিবার |
| | ১। চট্টগ্রাম বিভাগ<br>২। সিলেট বিভাগ | |
| গ্রুপ-২ | ১। রাজশাহী বিভাগ<br>২। রংপুর বিভাগ | মাসের চতুর্থ শনিবার |
| | ১। খুলনা বিভাগ<br>২। বরিশাল বিভাগ | |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২) BTEB এবং NSDA কর্তৃক Affiliation প্রাপ্ত Occupation সমূহে Assessment পরিচালনা | ২.১) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক RTO/STP প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ অনুমোদিত Occupation ও Level মোতাবেক সনদায়ন কার্যক্রমের Assessment পরিচালনা করবে।<br>২.২) ২২৯টি অনুমোদনপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ হতে কোন প্রতিষ্ঠান কোন Occupation BTEB অথবা NSDA কর্তৃক Assessment পরিচালনা করবে তা পাক্ষিক প্রতিবেদনে উল্লেখ করে তা PMU দপ্তরে প্রেরণ করবে। | PMU, BTEB এবং NSDA |
| ৩) প্রতিষ্ঠানভিত্তিক RPL সনদায়নের জন্য পাক্ষিক চাহিদা প্রেরণ | ৩) প্রতিটি RPL পরিচালনাকারী সরকারি-বেসরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রতি মাসে পাক্ষিক ভিত্তিকে অকুপেশনভিত্তিক এনরোলমেন্টকৃত অংশগ্রহণকারীর সংখ্যা ও তারিখ উল্লেখপূর্বক এসেসর এর চাহিদা প্রকল্প অফিসে প্রেরণ করবে এবং প্রকল্প অফিস সেই চাহিদাসমূহ সমন্বয় করে তা BTEB ও NSDA কে এসেসর প্রেরণের বিষয়টি নিশ্চিত করবে। | PMU সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। |

০৩. সভায় আর কোন আলোচনা না থাকায়, সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষনা করেন।

২৫/০৩/২০২৪
ড. মোঃ সিরাজুল ইসলাম
অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০০০. ১৪.৬৪৮.২৪-৭৫৭ | তারিখ: ১৬/০৪/২০২৪ খ্রি:

**অনুলিপিঃ**

১। অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান (সকল), RPL সনদায়ন কার্যক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠান।
উল্লিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য RPL সনদায়ন কার্যক্রম পরিচালনাকারী সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান প্রয়োজনীয় তথ্যাদি সিডিউল অনুযায়ী AProMIS.app এ যথাসময়ে আপলোড করবে এবং PMU অফিসে হার্ড কপি প্রেরণ করতে হবে।
২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৩। নির্বাহী চেয়ারম্যান (সচিব), জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা
৪। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা
৫। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৬। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
৭। সংরক্ষণ নথি।

১৬/৪/২৪
মোঃ সবুজ আলম
উপপ্রকল্প পরিচালক
ফোন: ০২৪১০২৫৪১৬
E-mail: msabujalam@gmail.com